দু’সময়ের দো‘আ প্রত্যাখ্যাত হয় না অথবা খুব কমই প্রত্যাখ্যাত হয়। আযানের সময়ের দো‘আ। যুদ্ধের সময়ের দো‘আ, যখন পরস্পর পরস্পরের সাথে যুদ্ধে লিপ্ত থাকে।

সাহাল ইবন সা‘দ রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে মারফু‘ সূত্রে বর্ণিত, দু’সময়ের দু‘আ প্রত্যাখ্যাত হয় না অথবা খুব কমই প্রত্যাখ্যাত হয়। আযানের সময়ের দো‘আ। যুদ্ধের
সময়ের দো‘আ, যখন একে অপরের সঙ্গে যুদ্ধে লিপ্ত থাকে। [সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

এ হাদীসে আল্লাহর পথে জিহাদের ফযীলত বর্ণনা করে বলা হয়েছে যে, আল্লাহ তা‘আলা যুদ্ধের ময়দানে অবস্থিত মুজাহিদের দো‘আ কবুল করেন। এতে আযানেরও ফযীলত বর্ণিত হয়েছে; কেননা আল্লাহ তা‘আলা আযানের সময় হতে শুরু করে ইকামত পর্যন্ত মুসলিমের দো‘আ কবুল করেন।

https://sunnah.global/hadeeth/bn/show/5035